# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ

প্রশাসন পরিপত্র নং-১৯ /২০১৬

তারিখ ঃ ২২-১১-২০১৬খ্রিঃ

বিষয় ঃ **যানবাহন (মোটর সাইকেল) ক্রয়ের জন্য বিদ্যমান নীতিমালার আংশিক পরিবর্তন/সংশোধন প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগ (সাবেক সাধারণ সেবা বিভাগ)থেকে জারীকৃত প্রশাসন পরিপত্র নং ০৫/২০১১ তারিখ ২৯-০৩-২০১১খ্রিঃ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পরিপত্রের মাধ্যমে যানবাহন (মোটর সাইকেল) ক্রয়ের জন্য অগ্রিম মঞ্জুরী সংক্রান্ত নীতিমালা প্রবর্তন করা হয়েছিল,যার আওতায় সর্বোচ্চ ঋণসীমা নির্ধারিত ছিল ১,৩০,০০০/-(এক লক্ষ ত্রিশ হাজার) টাকা।

০৩। এক্ষণে সময়ের চাহিদার পরিপ্রেক্ষিতে যানবাহন (মোটর সাইকেল) এর মূল্য বাজারে বৃদ্ধি হওয়ায় মোটর সাইকেল ঋণদান সংক্রান্ত বিদ্যমান নীতিমালার আংশিক পরিবর্তন/সংশোধন পূর্বক একটি প্রস্তাব পরিচালনা পর্ষদে উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক বিগত ৩১-১০-২০১৬খ্রিঃ ও ০৯-১১-২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের যথাক্রমে ৬৭২ ও ৬৭৩ তম সভায় কতিপয় পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনসহ বিদ্যমান যানবাহন ক্রয়ের অগ্রিম মঞ্জুরীর সংশোধিত নীতিমালা অনুমোদিত হয়, যা নিম্নরূপ ঃ

০৪। **যানবাহন ক্রয় সিলিং পূনঃ নির্ধারণ ঃ**

(ক) ব্যাংকের ব্যবস্থাপনা কমিটির সুপারিশ বিবেচনায় এনে অত্র ব্যাংকের পর্ষদ কর্তৃক প্রশাসন পরিপত্র নং ০৫/২০১১ তারিখ ২৯-০৩-২০১১ খ্রিঃ এর সকল শর্তাবলী বলবৎ রেখে বর্ণিত পরিপত্রে ০৩ নং অনুচ্ছেদের ০১(ক) তে শুধুমাত্র বর্তমান **মোটর সাইকেল অগ্রিম এর সিলিং ১,৩০,০০০/-(এক লক্ষ ত্রিশ হাজার) টাকা এর পরিবর্তে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা সিলিং নির্ধারণ করা হলো।**

০৫। **সুদের হার নির্ধারণ ঃ**

(ক) ব্যাংকের ব্যবস্থাপনা কমিটির সুপারিশ বিবেচনায় এনে অত্র ব্যাংকের পর্ষদ কর্তৃক প্রশাসন পরিপত্র নং ০৫/২০১১ তারিখ ২৯-০৩-২০১১ খ্রিঃ এর বর্তমান প্রচলিত নির্ধারিত সুদের হার পরিবর্তন করে **বার্ষিক সুদের হার ৭% ধার্য্য করা হলো যা ৩১-১০-২০১৬খ্রিঃ হতে কার্যকর হবে।**

০৬। উপরোক্ত পরিবর্তন ছাড়া প্রশাসন পরিপত্র নং ০৫/২০১১ তারিখ ২৯-০৩-২০১১ খ্রিঃ এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তীত থাকবে। উল্লেখ্য ৩১-১০-২০১৬খ্রিঃ তারিখের পূর্বে গৃহিত যানবাহন (মোটর সাইকেল) অগ্রিম এর অনুকূলে ধার্যকৃত সুদের হার পূর্বের সুদের হারই বহাল থাকবে।

০৭। এমতাবস্থায়, বর্ণিত যানবহান (মোটর সাইকেল) অগ্রিম মঞ্জুরী সংক্রান্ত বিষয়ে উপরোক্ত সংশোধিত নীতিমালা যথাযথ ভাবে অনুসরনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

২২/১১/১৬

(মোহাম্মদ আবদুর রব)
উপ-মহাব্যবস্থাপক

নং প্রকা/ককপবি-৩৭(১)/অংশ-১১/২০১৬-২০১৭/ ৩০৮(১২৫০)

তারিখ ২২-১১-২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার,উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়,বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপকের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ,বিকেবি,স্টাফ কলেজ,ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা। মোটর সাইকেল অগ্রিমের সংশোধিত নীতিমালাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকলমুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক,কর্পোরেট শাখা,বাংলাদেশ কৃষি ব্যাংক(স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। নথি/মহানথি।

২২.১১.১৬

(মোঃ আমিরুল ইসলাম)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

E:\NAHAR\Computer\Letter.doc